**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এন.এল.এফ.টি এবং এ.টি.টি.এফ জঙ্গি সংগঠনের ৫৮৪ জন সদস্য আজ স্বাভাবিক জীবনে ফিরে এসেছে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এনএসএস ও এনসিসি স্কুল কলেজের ছাত্রছাত্রীদের পাঠক্রমের এক অপরিহার্য অংশ ।**

**(৩) দেশের জনজাতি অংশের মানুষের আর্থসামাজিক মান উন্নয়নে সারাদেশে আগামী ২ অক্টোবর প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযানের সূচনা হবে ।**

**(৪) পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর আজ নিউইয়র্কে বাংলাদেশের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন ।**

**********************************************

**Extremist Surrender :**

এন.এল.এফ.টি এবং এ.টি.টি.এফ জঙ্গি সংগঠনের ৫৮৪ জন সদস্য আজ স্বাভাবিক জীবনে ফিরে এসেছেন। জম্পুইজলাস্থিত ত্রিপুরা স্টেট রাইফেলসের ৭ম ব্যাটেলিয়ানের সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে এই দুটি সংগঠনের নেতৃবৃন্দ ও সদস্যরা অস্ত্র সহ মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহার কাছে আত্মসমর্পণ করেন। উল্লেখ্য গত চৌঠা সেপ্টেম্বর কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং এন এল এফ

টি এবং এ টি টি এফ-এর মধ্যে এক শান্তি চুক্তি স্বাক্ষরের পরিপ্রেক্ষিতেই অস্ত্র সমর্পণ।

আজ এন এল এফ টি (বিএম)-র ২৬১ জন, এন এল এফ টি (পিডি)-র ১০০ জন, এন এল এফ টি (ও আর আই)-র ১০০ জন, এ টি টি এফ-র ১২৩ জন আত্মসমপর্ন করেন। এই অস্ত্র সমর্পণ অনুষ্ঠানে দুটি সংগঠনের পক্ষ থেকে ৯ টি এ-কে. সিরিজের রাইফেল, রিভলবার ১টি, রাইফেল ১টি, দেশী বন্দুক ৮৯ টি, কারখানায় তৈরি বন্দুক ৮টি, ল্যান্ড মাইন ৭টি, পিস্তল ১৩টি সহ বিভিন্ন আগ্নেয়াস্ত্র জমা দেওয়া হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জন্য আজকের দিনটি ঐতিহাসিক। আজকের পর থেকে বলা যায় ত্রিপুরা সন্ত্রাসবাদ মুক্ত রাজ্য। মুখ্যমন্ত্রী আত্মসমর্পনকারীদের স্বাগত জানান। তিনি বলেন, উত্তর-পূর্বাঞ্চলকে কেন্দ্র করে ত্রিপুরার স্বাস্থ্য সংশিষ্ট ৩টি সহ এখন পর্যন্ত ১২টি শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই সব শান্তিচুক্তির মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের প্রায় ১০ হাজার সশস্ত্র জঙ্গি অস্ত্র ত্যাগ করে স্বাভাবিক জীবনে ফিরে এসেছে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে. কে. সিনহা, স্বরাষ্ট্র দপ্তরের সচিব ড. পি. কে. চক্রবর্তী রাজ্য পুলিশের ডিজি (আইনশৃঙ্খলা এবং ইন্টিলিজেন্স) অনুরাগ ধ্যানকর প্রমুখ।

***************************

**CM-NSS :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জাতীয় সেবা প্রকল্প (এনএসএস) ও এনসিসি স্কুল কলেজের ছাত্রছাত্রীদের পাঠক্রমের এক অপরিহার্য অংশ। সমাজসেবা, দেশপ্রেম, ভ্রাতৃত্ববোধ, সংহতি এবং সর্বোপরি উন্নত চেতনা নিয়ে জীবনকে গড়ে তোলার ক্ষেত্রে এনএসএস এবং এনসিসি'র বিশেষ ভূমিকা রয়েছে। আজ আগরতলা টাউনহলে উত্তর পূর্ব এনএসএস উৎসব-২০২৪'র আনুষ্ঠানিক উদ্বোধন করে তিনি একথা বলেন। যুব বিষয়ক ও

ক্রীড়া দপ্তরের ত্রিপুরা স্টেট এনএসএস সেল এবং কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের গৌহাটিস্থিত এনএসএস রিজিওন্যাল ডাইরেক্টরের যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়। এই উৎসব আগামী ২৭ সেপ্টেম্বর পর্যন্ত চলবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ড্রাগ মুক্ত, প্লাস্টিক মুক্ত, দুষণ মুক্ত সমাজ গড়ার ক্ষেত্রেও এনএসএস স্বেচ্ছাসেবকদের বিশেষ ভূমিকা রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যুব সমাজকে নিয়ে উন্নত দেশ গড়ার স্বপ্ন দেখেন। এরজন্য প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন বিষয়ে সরাসরি স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে পাঠরত শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর ঘোষিত 'হীরা' কর্মসূচির সফল বাস্তবায়নের মধ্য দিয়ে ত্রিপুরা সহ গোটা উত্তর পূর্বাঞ্চলে শিক্ষা, স্বাস্থ্য সহ যোগাযোগ ব্যবস্থায় প্রভূত উন্নতি হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, সচিব ড. পি কে চক্রবর্তী, গুয়াহাটিস্থিত এনএসএস-এর রিজিওন্যাল ডিরেক্টর জাংজিলং, যুব বিষয় ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস বি নাথ। অনুষ্ঠানে সৈনিক ও তাদের পরিবারের কল্যাণে এনএসএস স্বেচ্ছসেবক দ্বারা সংগৃহিত ২ লক্ষ ১১ হাজার ৮৮৭ টাকার ড্রাফট মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়া হয়। এছাড়াও অনুষ্ঠানে ২০২৩-২৪ সালের এন এস এস কর্মসূচিতে উল্লেখযোগ্য পারদর্শীতার জন্য রাজ্যের সেরা এনএস প্রোগ্রাম অফিসার এবং এনএসএস স্বেচ্ছাসেবীদের পুরস্কার প্রদান করা হয়।

***************************

**Tribal welfare-PMJUGA :**

দেশের জনজাতি অংশের মানুষের আর্থসামাজিক মান উন্নয়নে সারাদেশে আগামী দোসরা অক্টোবর প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযানের (PMJUGA) সূচনা হবে। এই কর্মসূচি বাস্তবায়নে

সারাদেশে ৭৯, ১৫৬ কোটি টাকা ব্যয় করা হবে। দেশের ৬৩ হাজার জনজাতি অধ্যুষিত গ্রামকে এই অভিযানের আওতায় আনা হবে। এতে দেশের ৫ কোটি জনজাতি অংশের মানুষ উপকৃত হবেন। এই অভিযান কর্মসূচি আগামী ৫ বছর চলবে। আজ সচিবালয়ের সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে এ সংবাদ জানান। তিনি জানান, রাজ্যের ৮ জেলার ৫২টি ব্লকের ৩৯২টি জনজাতি সংখ্যাগরিষ্ঠ গ্রামকে এই কর্মসূচির আওতায় আনা হবে। এতে রাজ্যের ৮ লক্ষ ২৮ হাজার জনজাতি জনগণ উপকৃত হবেন।

প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান কর্মসূচিটি আগামী দোসরা অক্টোবর ঝাড়খন্ডে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সূচনা হবে। এই উপলক্ষে আগামী ২৭শে সেপ্টেম্বর নয়াদিল্লীতে একটি মন্থন শিবিরের আয়োজন করা হবে। তিনি জানান, এই অভিযান কর্মসূচিতে রয়েছে পাকা ঘর প্রদান, পরিশ্রুত পানীয়জল, বিদ্যুৎ সরবরাহ, আয়ুষ্মান ভারত কার্ড বিতরণ ইত্যাদি। তাছাড়াও জনজাতি এলাকায় যোগাযোগ ব্যবস্থার প্রসারে সড়ক পরিকাঠামো, গুণগত শিক্ষা ও শিক্ষা পরিকাঠামো উন্নয়ন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, মা ও শিশুর পুষ্টির বিকাশ, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় এলপিজি সংযোগ প্রদান ইত্যাদি।

*****************************

**S. Jayshankar :**

পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর আজ নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ অধিবেশনের অবসরে বাংলাদেশের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। গত মাসে শেখ হাসিনার প্রধানমন্ত্রীর পদ থেকে অপসারণের পর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে ভারত ও বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের মধ্যে এটি প্রথম উচ্চ-পর্যায়ের সংযোগ।

বৈঠকে দুই প্রতিবেশী দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করা এবং পারস্পরিক স্বার্থের বিষয়ে আলোকপাত করা হয়।

****************************

**Animesh Debbarma :**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী অনিমেষ দেববর্মা আজ মান্দাই বাজারে এক অনুষ্ঠানে বলেছেন, বন্যায় ক্ষতিগ্রস্তদের বিভিন্নভাবে সাহায্য করা হচ্ছে। তাদের পুনরায় স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার চেস্টা করছে সরকার। বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের উদ্যোগে আজ মান্দাই বাজার ও জিরানিয়া খলায় বন্যায় ক্ষতিগ্রস্তদের রিগনাই, লুঙ্গি ও গামছা দেওয়া হয়েছে। এই অনুষ্ঠানে মন্ত্রী শ্রী দেববর্মার সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা সহ অন্যরা। এদিন, মান্দাইবাজারে বৃক্ষরোপণ করেছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী সহ অতিথিরা।

***************************

**Forest Minister :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল আমবাসা ইকোপার্কে ফার্নারিয়াম, অর্কিডারিয়াম ও সংস্কারকৃত তিনটি লগ হাটের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আমবাসা বনদপ্তর আয়োজিত অনুষ্ঠানে ৫টি স্ব-সহায়ক দলকে বনদপ্তরের তরফ থেকে রিভলভিং ফান্ড থেকে এক লক্ষ টাকা করে চেক প্রদান করা হয়। মূলত মাশরুম চাষ করে স্বাবলম্বী হওয়ার জন্য এই অর্থরাশি প্রদান করা হয়। অনুষ্ঠানে বনমন্ত্রী বলেন,

#########Byte##########

******************************

**Meeting/Banks :**

ব্যাঙ্কগুলির মাধ্যমে আর্থিক বিকাশ পর্যালোচনায় এক বৈঠক আজ কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। বৈঠকে জানানো হয়,

ঊনকোটি জেলায় প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনায় ৯৯ হাজার ২৩৩ জন, প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনায় ২৮ হাজার ১৮৫ জন ও অটল পেনশন যোজনায় ১৪ হাজার ৪৯ জন আওতায় এসেছেন। ঊনকোটি জেলার লিড ডিস্ট্রিক্ট ম্যানেজার মদন মোহন চাকমা জানান, এই জেলাতে জমা ও ঋণদানের আনুপাতিক হার (C.D Ratio) ৬৯ শতাংশ। বৈঠকে ঊনকোটি জেলার বিভিন্ন ব্যাঙ্ক শাখার প্রবন্ধকগণ, নাবার্ড, শিল্প-বাণিজ্য ও ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশনের কর্মকর্তারা এতে অংশ নেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা প্রমুখ।

*******************************

**CPIML :**

বন্যা বিধ্বস্ত ত্রিপুরাকে জাতীয় বিপর্যয় এলাকা ঘোষণা করা, বিপর্যস্ত মানুষদের ন্যায়সঙ্গত ক্ষতিপূরণ দেওয়া সহ ১৯ দফা দাবিতে আজ আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে সি.পি.আই.(এম.এল) লিবারেশন, অখিল ভারত কিষাণ মহাসভা, অখিল ভারত ক্ষেত ও গ্রামীণ মজদুর সভা যৌথভাবে ৪ ঘন্টার গণ অবস্থান করে । সিপিআইএম এল এর রাজ্য সম্পাদক পার্থ কর্মকার বলেন বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো ও তাদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলিতে রাজ্য ও কেন্দ্র সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্যই আজকের এই গণ অবস্থান।

******************************

**Ramakrishna Mission-South :**

রামকৃষ্ণ মঠ ও মিশন বিবেকনগর এবং হরিনা রামকৃষ্ণ সেবাশ্রম সোসাইটির উদ্যোগে আজ সাব্রুমের হরিনায় ১০০ জন বন্যাপীড়িত ও দু:স্হ মহিলাকে শাড়ি ও মাদুর উপহার দেওয়া হয়।শান্তিরবাজার রামকৃষ্ণ আশ্রমেও অনুরূপ কর্মসূচিতে ৫০ জন

মহিলাকে শাড়ি, মাদুর ও মশারী প্রদান করা হয়। দু'টি কর্মসূচীতেই বিবেকনগর রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী দয়াশ্বরানন্দ মহারাজ ও স্বামী মহাভদ্রানন্দ মহারাজ, রামকৃষ্ণ বিবেকানন্দ ভাব প্রচার পরিষদের দক্ষিণ জেলার সংযোজক সূচিত্র বৈদ্য প্রমুখ উপস্থিত ছিলেন।

**************************

**Bangladesh-Forum :**

বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে ফোরাম ফর প্রটেকশন অফ মাইনোরিটিস ইন বাংলাদেশ এর উদ্যোগে আগামী ২৯শে সেপ্টেম্বর সকাল ১১টায় আগরতলা প্রেস ক্লাবের সামনে থেকে একটি প্রতিবাদ মিছিল সংঘটিত হবে। আজ আগরতলা প্রেস ক্লাবে প্রবীণ সাংবাদিক সুবল কুমার দে এখবর জানান।

*************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

***************************

**Agriculture Minister :**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নতুন দিল্লিতে কৃষক ও কৃষক ইউনিয়নের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে মতবিনিময় করেন। বৈঠকের পর শ্রী চৌহান সাংবাদিকদের বলেন যে তিনি প্রায় ৫০ জন কৃষক নেতার সঙ্গে কথা বলেছেন এবং তাদের সমস্যা ও উদ্বেগের কথা শুনেছেন। তিনি বলেন, কৃষি ভারতীয় অর্থনীতির মেরুদন্ড এবং কৃষকরা এর প্রাণ। শ্রী চৌহান বলেন, কৃষক ইউনিয়ন ফসলের মূল্য এবং ফসল বীমা সংক্রান্ত বেশ কিছু পরামর্শ দিয়েছেন।

**************************

**AIDSO :**

AIDSO, AIMSS, AIDYO উদ্যোগে আজ আগরতলার পোস্ট অফিস চৌমুহনীতে স্বাধীনতা সংগ্রামী প্রীতিলতা ওয়াদ্দেদারের ৯২তম মৃত্যুবার্ষিকী পালন করা হয়। অনুষ্ঠানে প্রীতিলতা ওয়াদ্দেদারের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন সংগঠনের নেতা ও কর্মীগণ। পরে তার জীবন দর্শন নিয়ে আলোচনা করেন সংগঠনের নেতৃবৃন্দ।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরের নিম্নচাপের ফলে রাজ্যে বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*****************************